283/J

দৈনিক ইনকিলাব

OCT. 24 1999

তারিখ ... OCT 25 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

281

# কুমিল্লায় আদম বেপারীর নামে কলেজ ঃ এলাকাবাসীর বিক্ষোভ

**কুমিল্লা জেলা সংবাদদাতা ঃ** কুমিল্লা শহরতলীর বিমানবন্দর এলাকার রাজাপাড়া গ্রামের গরীব নিরীহ জনগণের বসতবাড়ী ও আবাদী জমি জবরদখলের মাধ্যমে আদম ব্যবসায়ীর নামে কলেজ প্রতিষ্ঠার বিরুদ্ধে এলাকার হাজার হাজার মানুষ বিক্ষোভ মিছিল সহকারে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেছে। স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, বৃটিশ সরকার এলাকায় বিমানবন্দর স্থাপনের জন্য এলাকাবাসীর কাছ থেকে জমিগুলো অধিগ্রহণ করে। তন্মধ্যে অব্যবহৃত ও আবাদী জমিগুলো তখন থেকেই লীজ নিয়ে এলাকার জনগণ ভোগদখল করছে। ১৯৯৩-৯৪ সালে হঠাৎ এলাকার চিহ্নিত আদম ব্যবসায়ী মুন্সী ফারুক আহমদ এলাকায় বিমানবন্দর কলেজ নামে একটি মডেল কলেজ স্থাপনের লক্ষ্যে প্রচুর পরিমাণের অর্থ চাঁদা হিসেবে আদায় করেন। রহস্যজনকভাবে রাতারাতি সাইন বোর্ডে উল্লেখিত 'বিমানবন্দর মডেল কলেজ' নামের স্থলে 'মুন্সী ফারুক আহমদ কলেজ' নামকরণ করা হয় এবং কলেজ সীমানার চারদিকের বসতবাড়ীগুলো ভাঙচুর ও ফসলী জমি জবরদখল করে সীমানা অবৈধভাবে বৃদ্ধি করে প্রাচীর নির্মাণ করা হয়। তন্মধ্যে আবু তাহের ভুঞার বসতবাড়ী, ফসলী জমি জোরপূর্বক দখল করা হয়েছে। বাবুল মিয়ার বৃদ্ধা মাতা ও স্ত্রীকে বেদম মারধরের মাধ্যমে তাদের বসতবাড়ী ভেঙে উচ্ছেদ করা হয়েছে। আবদুল জব্বারের বাড়ীঘর ভেঙে কলেজের ভবন তৈরী করা হয়েছে এবং মোহাম্মদ নূরুল ইসলামের বসতঘর ভেঙে সরিয়ে নেয়ার জন্য সন্ত্রাসী কার্যকলাপ চালানো হয়। শুধু তাই'ই নয়, টাকার জোরে উক্ত আদম ব্যবসায়ী নিরীহ জনগণের বিরুদ্ধে পুলিশী হয়রানি ও মিথ্যা মামলা দায়েরের মাধ্যমে এলাকায় তাণ্ডবলীলার রাজত্ব কায়েম করছে।

এমতাবস্থায় কুমিল্লা বিমানবন্দর এলাকার নিরীহ জনগণ মানবরূপী অত্যাচারী এ আদম ব্যবসায়ীর হীন স্বার্থকে নস্যাৎ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি কামনা করছে।